



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল
www.coop.barisaldiv.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৮১.০৫.০০০২.২১.১৩৫

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

“ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫” এর সূচক [১.১.১] “সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন” এর আওতায় বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল কর্তৃক নিম্নোক্ত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ক্র: নং	ধারণা/সেবার নাম	বাস্তবায়নকারী দপ্তর	বাস্তবায়নকারী কর্মকর্তার নাম ও পদবী
১	২	৩	৪
০১	কেন্দ্রীয়/একাধিক জেলাব্যাপী কর্ম এলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায়ের উপ-আইন সংশোধন	বিভাগীয় সমবায় কার্যালয় বরিশাল।	মোঃ আতিকুল ইসলাম যুগ্মনিবন্ধক মোবাইল: ০১৭১১৯৫৭৩৪৯

সংযুক্ত : ০২ (দুই) পাতা।

১৩-০৩-২০২৫
মোঃ আতিকুল ইসলাম
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (ভারপ্রাপ্ত)
০২৪৭৮৮৩০২০৬
jrbarisal@gmail.com

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৮১.০৫.০০০২.২১.১৩৫/১ (৪)

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)। দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর, ঢাকা, ।
- ২। জনাব মোহাম্মদ মোস্তফা, উপ নিবন্ধক, প্রশাসন শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।
- ৩। জনাব মুর্তাজা আহমেদ, সহকারী নিবন্ধক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
- ৪। জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল/বরগুনা/ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/ঝালকাঠি, (জেলাধীন মনোনীত কর্মকর্তাগণের

যথাসময়ে যথাস্থানে উপস্থিত নিশ্চিত করার অনুরোধসহ।



A handwritten signature in black ink, consisting of a horizontal line with a loop at the end.

১৩-০৩-২০২৫
মোহাম্মদ মোস্তফা
উপ নিবন্ধক

সেবা সহজীকরণ

সহজীকৃত সেবার নাম: “কেন্দ্রীয়/একাধিক জেলাব্যাপী কর্ম এলাকা
বিশিষ্ট প্রাথমিক সমবায়ের উপ-আইন সংশোধন”

উদ্যোগী সংস্থা/বাস্তবায়নে: বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।

উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের প্রেক্ষাপট:


কেন্দ্রীয় বা একাধিক জেলাব্যাপী কর্ম এলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির বিভিন্ন প্রয়োজনে উপ-আইন সংশোধন করা আবশ্যিক হয়ে পড়ে। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৩(১) ধারা অনুযায়ী, বিভাগীয় যুগ্ম নিবন্ধক ৬০ দিনের মধ্যে এই সংশোধনের বিষয়টি নিষ্পত্তি করে থাকেন। সমবায় সমিতির জরুরি প্রয়োজনে উপ-আইন সংশোধনের প্রয়োজন হতে পারে। যেমন:

- ঠিকানা পরিবর্তন
- কর্ম এলাকা সম্প্রসারণ বা বৃদ্ধিকরণ
- অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধি করণ
- প্রতি শেয়ারের মূল্য বৃদ্ধি প্রভৃতি।

এছাড়া, ২০০১ সালের পূর্বে নিবন্ধিত কেন্দ্রীয় সমবায় সমিতিগুলোর উপ-আইন ২০০১ সালের পরবর্তী সংশোধিত আইনের আলোকে সম্পূর্ণরূপে পরিবর্তন করে নতুনভাবে প্রণয়ন করার আবশ্যিকতা রয়েছে।

উপ-আইন সংশোধন করার জন্য, সমিতিতে কিছু নির্দিষ্ট ধাপ অনুসরণ করতে হয়। প্রথমে একটি খসড়া উপ-আইন প্রস্তুত করতে হয়, তারপর বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভায় খসড়া উপ-আইনটি অনুমোদন করা হয়। এরপর, বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত উপ-আইনের কপি রেজুলেশনসহ নির্ধারিত পদ্ধতিতে উপজেলা ও জেলা সমবায় অফিসারের মাধ্যমে যুগ্ম নিবন্ধক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করতে হয়। নিবন্ধকের কাছে পাঠানোর আগে এই প্রক্রিয়াগুলো সম্পন্ন করতে অনেক সময় লেগে যায়।

এই সমস্যা সমাধানের জন্য, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল একটি উদ্ভাবনী উদ্যোগ নিয়েছে। তারা বিভাগীয় সমবায় কার্যালয়ে আইনের বিধিবিধান অনুযায়ী ৬০ দিনের পরিবর্তে ৩০ দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করার লক্ষ্য নির্ধারণ করেছে।







বিদ্যমান ব্যবস্থা এবং প্রস্তাবিত ব্যবস্থার তুলনামূলক চিত্র:

বিদ্যমান ব্যবস্থার খাপসমূহ	প্রয়োজনীয় সময়	প্রস্তাবিত ব্যবস্থার খাপসমূহ	প্রয়োজনীয় সময়	মন্তব্য
উপ-আইন সংশোধন বা পুনঃপ্রণীত উপ- আইনের খসড়া উপজেলায় দাখিল।	০১ থেকে ১৫ দিন	১. যাচাই/বাছাই করে জেলা সমবায় দপ্তরে প্রেরণ।	০৭ দিন	
২. উপজেলা সমবায় দপ্তর হতে প্রস্তাব ও রেজুলেশন জেলা সমবায় দপ্তরে প্রেরণ	০১ থেকে ১৫ দিন	জেলা সমবায় দপ্তর হতে বিভাগীয় সমবায় কার্যালয়ে প্রেরণ	০৭ দিন	
৫. বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক অনুমোদন প্রদান	৬০ দিন	বিভাগীয় সমবায় অফিসার কর্তৃক উপ-আইন অনুমোদ অথবা না হলে উহার কারণ উল্লেখ করে ৬০ দিনের মধ্যে যুগ্মনিবন্ধক আবেদনকারী সমিতিতে লিখিতভাবে জানাবেন।	১৬ দিন	
মোট সময়	গড়ে ৯০ দিন		৩০ দিন	

Sml
২০/০৬/২৫
সবুজ মোহা
অফিস সহকারী কম কম্পিউটার অপারেটর

মোহাম্মদ
২০/০৬/২৫

মোহাম্মদ মোস্তফা
উপনিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়
বরিশাল।

২০.০৬.২৫
মোঃ আতিকুল ইসলাম
যুগ্মনিবন্ধক (ভারপ্রাপ্ত)
বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।